দৈনিক বাংলা
তারিখ 29 JUN 1989
পৃষ্ঠা 5 কলাম 8

123

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রাস্তার অবস্থা

দেশের দ্বিতীয় বৃহত্তম বিদ্যাপীঠ রাজশাহী বিশ্ববিদ্যালয়, দীর্ঘদিন সংস্কারের অভাবে এ বিশ্ববিদ্যালয়ের রাস্তাগুলি বর্তমানে শোচনীয় আকার ধারণ করেছে। এইসব রাস্তা দিয়ে চলাচল যে কি কষ্টকর তা একমাত্র ভুক্তভোগীরাই জানেন। বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোড, প্রেসক্লাব রোড, শহীদ শাজাহান সিরাজ রোড ও রোকেয়া হল রোড চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। এই রাস্তাগুলি অপ্রশস্ত ভাঙ্গা এবং মাঝে মাঝে পীচ খোয়া উঠে অনেকগুলিতে খাদের সৃষ্টি হয়েছে। তাছাড়া রাস্তাগুলির দুই পাশে পর্যাপ্ত লাইটের ব্যবস্থা নেই। ফলে রাতের বেলায় এইসব রাস্তা দিয়ে রিকশায় অথবা পায়ে হেঁটে যাতায়াত করা খুবই ঝুকিপূর্ণ ব্যাপার। তাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এই রাস্তাগুলি প্রশস্ত ও সংস্কার করার আশু ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

—সুকান্ত সাহা
রাজশাহী বিশ্ববিদ্যালয় রাজশাহী।